

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৮৬(আগরতলা- ১৩।০৬)
শান্তিরবাজার, ১৩ জুন, ২০ ১৮

গার্দাং-এ ভূমি ধসে বাড়ি ভেঙ্গে এক শিশুর মৃত্যু :
মৃতের বাড়িতে পর্যটনমন্ত্রী

গতরাতের ভারী বর্ষণে বকাফা ব্লকের গার্দাং পঞ্চায়েতের গার্দাং বাজার সংলগ্ন এলাকায় ভূমি ধসে সুমন মগের ঘর সম্পূর্ণ ভেঙ্গে তার ৫ বছরের শিশু সুদাউ মগের মর্মান্তিক মৃত্যু হয়। তার স্ত্রী এবং আরেক ছেলে আহত হয়। আজ সকালে কৃষি ও পর্যটনমন্ত্রী প্রণজিৎ সিংহরায় নিহত শিশুর পরিবারের বাড়িতে যান। তিনি নিহত শিশুর মাতা-পিতা ও আত্মীয়-পরিজনদের প্রতি সমবেদনা জানান। পর্যটনমন্ত্রীর সঙ্গে ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, বি এ সি চেয়ারম্যান গৌরী শংকর রিয়াং, জেলাশাসক, মহকুমা শাসক, বি ডি ও এবং সমাজসেবী বিভীষণ দাস, প্রদীপ দাস, গৌতম সরকার প্রমুখ। মন্ত্রী শ্রী সিংহরায় জানান, রাজ্য সরকারের পক্ষ থেকে মৃতের পরিবারকে ৪ লক্ষ টাকা এবং মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে আরও ১ লক্ষ টাকা আর্থিক সহায়তা দেওয়া হবে। তিনি বলেন, অর্থ সাহায্য দিয়ে এই দুঃখজনক ঘটনার ক্ষতিপূরণ হয় না। কিন্তু পরিবারে যারা আছেন তারা যাতে ভালোভাবে বাঁচতে পারে তার জন্য এ সাহায্য। এছাড়া, বসতবাড়ি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হওয়ার ফলে ক্ষতিপূরণ হিসেবে ৯৫ হাজার টাকা আর্থিক সাহায্যের আশ্বাস দেন পর্যটনমন্ত্রী। পাশাপাশি অন্যান্য সাহায্য প্রদানের জন্য জেলাশাসক ও মহকুমা শাসককে নির্দেশ দেন তিনি। এছাড়া, মহকুমা প্রশাসনের পক্ষ থেকেও এস ডি আর এফ তহবিলে আজই ১৫ হাজার টাকা নগদ এবং ১০ হাজার টাকার চেক নিহত শিশুর পিতা সুমন মগের হাতে তুলে দেওয়া হয়।

এদিকে, বিধায়ক প্রমোদ রিয়াং, বি এ সি চেয়ারম্যান গৌরী শংকর রিয়াং সহ প্রশাসনিক আধিকারিকগণ প্রবল বর্ষণে ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন করেন। মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ৪টি ত্রাণ শিবির খোলা হয়। শিবিরগুলিতে মোট ৯৫টি পরিবারের ৩৫৯ জন আশ্রয় নেন। এতে পশ্চিম চড়কবাই পঞ্চায়েতের পশ্চিম পাড়া জে বি স্কুলে, লক্ষ্মীছড়া ভিলেজের মগপাড়া অঙ্গনওয়াড়ি কেন্দ্রে, শান্তিরবাজার দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে এবং কাঞ্চননগর পঞ্চায়েতের পশ্চিম বকাফা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ত্রাণ শিবির খোলা হয়েছে। মহকুমা প্রশাসনের পক্ষ থেকে শিবিরে খাবার, পানীয় জল, চিকিৎসা ইত্যাদির ব্যবস্থা করা হয়েছে।
